MACMILLAN CANCER SUPPORT

Lung cancer: Bengali

# ফুসফুসের ক্যান্সার

এই তথ্যগুলো ফুসফুসের ক্যান্সার এবং ফুসফুসের ক্যান্সারের চিকিৎসা সম্পর্কে।

এই তথ্য হল **ফুসফুসে শুরু হওয়া ক্যান্সারের**(প্রাইমারি ফুসফুসের ক্যান্সার) বিষয়ে।
এটা সেই ক্যান্সারের বিষয়ে নয় যা শরীরের অন্য কোথাও শুরু হয় এবং ফুসফুসে ছড়িয়ে পড়ে (সেকেন্ডারি ফুসফুসের ক্যান্সার)।

নিচে দাগ দেওয়া যে কোনো শব্দ শেষ দিকের শব্দ তালিকায় ব্যাখ্যা করা হয়েছে। শব্দ তালিকাটিতে কিভাবে আপনি শব্দগুলো ইংরেজিতে বলবেন সেটিও অন্তর্ভুক্ত।

যদি এই তথ্যের বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকে, আপনি যে হাসপাতালে চিকিৎসা করাচ্ছেন সেখানকার ডাক্তার বা নার্সকে জিজ্ঞেস করুন।

এছাড়াও আপনি ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support)-কে **0808 808 00 00** ফ্রি ফোন নম্বরে, সপ্তাহে 7 দিন, সকাল 8 থেকে রাত 8টা পর্যন্ত কল করতে পারেন। আমাদের দোভাষী আছে, তাই আপনি আমাদের সাথে নিজের ভাষায় কথা বলতে পারেন। যখন আপনি আমাদেরকে কল করবেন, অনুগ্রহ করে ইংরেজিতে আমাদেরকে জানাবেন আপনার কোন ভাষা প্রয়োজন (বলুন“বেঙ্গলি”)।

**www.macmillan.org.uk/translations** ওয়েবসাইটে অন্যান্য ভাষায় আরো তথ্য আছে


## এই তথ্য এগুলোর বিষয়ে:

- ফুসফুস
- ফুসফুসের ক্যান্সার
- কিভাবে চিকিৎসার পরিকল্পনা করা হয়
- আপনার স্বাস্থ্যসেবা টিমের সাথে কথা বলা
- ফুসফুসের ক্যান্সারের চিকিৎসা
- সার্জারি
- কেমোথেরাপি
- রেডিওথেরাপি
- টার্গেটেড থেরাপি আর ইমিউনোথেরাপির ওষুধগুলি
- অন্য চিকিৎসাগুলি
- উপসর্গ নিয়ন্ত্রণ করা
- চিকিৎসার পরে
- আপনার অনুভূতি
- ম্যাকমিলান (Macmillan) কিভাবে আপনাকে সাহায্য করতে পারে
- শব্দ তালিকা
- আপনার ভাষায় আরো তথ্য
- সূত্র ও ধন্যবাদ জ্ঞাপন

# ফুসফুস

আমাদের দুটি ফুসফুস আছে যা আমাদের নিশ্বাস গ্রহণে সাহায্য করে।

যখন আমরা শ্বাস নিই, বাতাস আমাদের নাক বা মুখের মাধ্যমে শ্বাসনালী (ট্র্যাকিয়া) দিয়ে যায়। এটা দুটি টিউবে ভাগ হয়ে যায়, প্রত্যেক ফুসফুসে একটি যায়। এগুলিকে ডান ব্রংকাস এবং বাম ব্রংকাস বলে। এগুলি আরো ছোট টিউবে বিভক্ত হয় যাকে ব্রংকিওল বলে। ব্রংকিওলগুলির শেষে লক্ষ লক্ষ ছোট ছোট বায়ুর থলি থাকে যাদের অ্যালভিওলাই বলে। আমাদের শ্বাসের সাথে নেওয়া বাতাসের থেকে অক্সিজেন এখানেই রক্তের মধ্যে প্রবেশ করে।



# ফুসফুসের ক্যান্সার

শরীরের সকল অংশ ক্ষুদ্র ক্ষুদ্র কোষ দ্বারা গঠিত। ফুসফুসে ক্যান্সার হয় যখন ফুসফুসের কোষগুলো অনিয়ন্ত্রিতভাবে বেড়ে উঠে এবং একটি মাংসপিণ্ডে পরিণত হয় যাকে বলা হয় টিউমার।

ফুসফুসের ক্যান্সার দুটি মুখ্য ধরণের হয়:

- **নন-স্মল সেল লাং ক্যান্সার** - এটি ফুসফুসের সবচেয়ে সাধারণ ক্যান্সার এবং এর প্রধান তিনটি ধরণ রয়েছে: অ্যাডেনোকার্সিনোমা, স্কোয়ামাস সেল কার্সিনোমা এবং লার্জ সেল লাং ক্যান্সার।
- **স্মল সেল লাং ক্যান্সার** - 7টি ফুসফুসের ক্যান্সারের মধ্যে 1টির মত স্মল সেল লাং ক্যান্সার (প্রায় 15%) হয়।

বেশিরভাগ ফুসফুসের ক্যান্সার সিগারেট পান করার জন্য হয়। কিন্তু ফুসফুসের ক্যান্সার হওয়া 10 জনের মধ্যে 1 জন (10%) কখনো ধূমপান করেননি।

যদি আপনি ধূমপান করে থাকেন তাহলে সাধারণত ডাক্তার আপনাকে ধূমপান বন্ধ করার পরামর্শ দেবেন। এর ফলে আপনার চিকিৎসা আরো ভালোভাবে কাজ করায় এবং পার্শ্বপ্রতিক্রিয়া কম করায় সাহায্য হয়। এতে আপনার দীর্ঘমেয়াদী স্বাস্থ্যেরও সহায়তা হয়। ধূমপান ছাড়তে আপনাকে সাহায্য করার জন্য আপনার ডাক্তার বা হাসপাতাল আপনাকে চিকিৎসা প্রদান করতে পারেন।

ফুসফুসের ক্যান্সার সংক্রামিত হয় না। এর অর্থ হল যে এটা অন্য ব্যক্তিদের দেওয়া যায় না।

## ফুসফুসের ক্যান্সারের পর্যায়গুলি

ফুসফুসের ক্যান্সার কোন পর্যায়ে আছে তা জেনে নিতে আপনার ডাক্তার কিছু পরীক্ষা করবেন। ক্যান্সারের পর্যায় বলতে বোঝায় এটি কতটা বড় এবং এটি ছড়িয়ে পড়েছে কিনা। কখনো কখনো, ক্যান্সার কোষগুলি রক্ত বা লসিকাতন্ত্রের মাধ্যমে শরীরের অন্য অংশগুলোয় ছড়িয়ে পড়তে পারে।

ক্যান্সারের পর্যায় জানলে তা আপনার চিকিৎসকদের আপনার জন্য সেরা চিকিৎসার পরিকল্পনা করতে সাহায্য করে।

ফুসফুসের ক্যান্সার চারটি পর্যায়ে বিভক্ত:

- **পর্যায় 1** – ক্যান্সারটি ছোট এবং শুধু ফুসফুসে আছে।
- **পর্যায় 2 বা 3** – ক্যান্সারটি ফুসফুসে অধিকতর বড়। এটি সাধারণত ফুসফুসের আশেপাশের স্থানগুলোতে ছড়িয়ে পড়েছে।
- **পর্যায় 4** - ক্যান্সার ছড়িয়ে পড়েছে, উদাহরণস্বরূপ, অন্য ফুসফুসে অথবা শরীরের অন্য অংশগুলিতে।

যদি আপনার স্মল সেল লাং ক্যান্সার থাকে তাহলে আপনার ডাক্তারেরা অন্য কোন পর্যায় নির্ণয়ের ব্যবস্থা ব্যবহার করতে পারেন। এটি ফুসফুসের ক্যান্সারকে দুটি পর্যায়ে বিভক্ত করে - সীমিত রোগ এবং ব্যাপক রোগ। যদি তারা এই ব্যবস্থাটি ব্যবহার করেন, তাহলে আপনার ডাক্তার আপনাকে তা ব্যাখ্যা করবেন।

## কিভাবে চিকিৎসার পরিকল্পনা করা হয়

আপনার স্বাস্থ্যসেবা দল আপনার জন্য যে চিকিৎসা সবচেয়ে ভালো মনে করবেন তার পরিকল্পনা করবেন।
আপনার ডাক্তার বা নার্স পরিকল্পনাটি নিয়ে আপনার সাথে কথা বলবেন। আপনার চিকিৎসা কয়েকটি বিষয়ের উপর নির্ভর করবে, যেমন:

- কী ধরণের ফুসফুসের ক্যান্সার আপনার আছে
- ক্যান্সারটির পর্যায়
- বিভিন্ন চিকিৎসার লাভ এবং ঝুঁকিগুলি
- আপনার সাধারণ স্বাস্থ্য
- আপনার ব্যক্তিগত পছন্দগুলি।

## আপনার স্বাস্থ্যসেবা টিমের সাথে কথা বলা

আপনার ক্যান্সার ডাক্তার বা নার্সের সাথে চিকিৎসার পরিকল্পনা নিয়ে কথা বলাটা জরুরী, যাতে আপনি বুঝতে পারেন এর অর্থ কী। এছাড়া আপনি কোন আত্মীয় বা বন্ধুর সাথে কথা বলতে চাইতে পারেন।

আপনার সাথে কথা বলার পর, আপনার ডাক্তার আপনাকে একটি ফরমে স্বাক্ষর করতে বলবেন যা দেখাবে আপনি এই চিকিৎসা সম্পর্কে বুঝতে পেরেছেন এবং এতে সম্মতি দিচ্ছেন। একে বলা হয় আপনার সম্মতি দেওয়া। আপনি এতে সম্মতি না দেওয়া পর্যন্ত আপনাকে চিকিৎসা দেওয়া হবে না।

আপনার ভাষা বাংলা এবং ইংরেজি দু'টি ভাষাই বলতে পারেন এমন কাউকে আপনার সাথে নিয়ে যাওয়া ভালো। আপনার হাসপাতাল আপনার জন্য একজন দোভাষীর ব্যবস্থা করতে পারে। আপনার দোভাষীর প্রয়োজন হলে আপনার নার্সকে জানান।

### আপনার চিকিৎসা সম্পর্কে যেসব প্রশ্ন জিজ্ঞেস করবেন

এখানে কিছু প্রশ্ন রয়েছে যে প্রশ্নগুলি আপনি আপনার স্বাস্থ্যসেবা টিমকে জিজ্ঞাসা করতে পারেন, নিশ্চিত করতে যে আপনি চিকিৎসাটি এবং তা আপনাকে কিভাবে প্রভাবিত করতে পারে তা বুঝতে পারেন:

- আমার চিকিৎসার লক্ষ্য কী?
- কী কী চিকিৎসা পাওয়া যায়?
- প্রতিটি চিকিৎসার সুবিধা, ঝুঁকি ও পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কী কী?
- চিকিৎসাটি আমার দৈনন্দিন জীবনকে কিভাবে প্রভাবিত করবে?
- আমি কেমন বোধ করছি সেই বিষয়ে কার সাথে আমি কথা বলতে পারি?

## ফুসফুসের ক্যান্সারের চিকিৎসা

ফুসফুসের ক্যান্সারের চিকিৎসার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- অপারেশন (সার্জারি)
- ক্যান্সারের ওষুধ – (কেমোথেরাপি ও টার্গেটেড থেরাপি)
- রেডিওথেরাপি।




আপনার একটির থেকে বেশি ধরণের চিকিৎসা হতে পারে। এছাড়াও আপনার চিকিৎসা নির্ভর করবে ফুসফুসের ক্যান্সারের ধরণ এবং ক্যান্সারের পর্যায়ের উপর।

### সার্জারি

কিছু ব্যক্তিদের জন্য, একটি অপারেশনের মাধ্যমে ক্যান্সার অপসারণ করা সম্ভব হতে পারে।

এটা নির্ভর করবে ক্যান্সারের ধরণ আর পর্যায় এবং আপনার সাধারণ স্বাস্থ্যের উপরে। স্মল সেল লাং ক্যান্সারের চিকিৎসা করতে সার্জারি খুব কমই ব্যবহৃত হয়। তার পরিবর্তে অন্যান্য চিকিৎসা ব্যবহার করা হয়।

সার্জারির আগে, আপনার কিছু পরীক্ষা করতে হবে দেখতে যে আপনার ফুসফুসগুলি কত ভালোভাবে কাজ করছে। ফুসফুসের ক্যান্সার অপসারণ করতে তিনটি প্রধান অপারেশন নিচে দেখানো হয়েছে:

| **ফুসফুসের একটি অংশ অপসারণ করা (লোবেকটোমি)** | **পুরো ফুসফুস অপসারণ করা (নিউমোনেকটমি)** | **কোন ফুসফুসের একটি ছোট অংশ অপসারণ করা (ওয়েজ রিসেকশন)** |
|---|---|---|
|  |  |  |

কখনো কখনো ফুসফুসের 2 টি লোব সরিয়ে ফেলা হয়। যদি পাশাপাশি থাকা দুটি লোবে ক্যান্সার ছড়িয়ে পড়ে, তাহলে সার্জন এই অপারেশনটি করতে পারেন। অপারেশনটিকে কখনো কখনো বাইলোবেকটমি বলা হয়।

সার্জারিটি কিভাবে পরিকল্পনা করা হয়েছে এবং অপারেশনের পর কী আশা করা যায় সেই বিষয়ে আমাদের কাছে আপনার বাংলায় আরো তথ্য আছে। **macmillan.org.uk/translations**-এ যান।

## কেমোথেরাপি

কেমোথেরাপিতে ক্যান্সার কোষ ধ্বংস করতে ওষুধ দেওয়া হয়।

কেমোথেরাপি বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে ব্যবহার করা যেতে পারে।

| কখন? | কেন? |
|---|---|
| সার্জারি বা রেডিওথেরাপি-র আগে | ক্যান্সারের আয়তন ছোট করতে |
| সার্জারি বা রেডিওথেরাপি-র পরে | কোনো থেকে যাওয়া ক্যান্সার কোষ নষ্ট করতে |
| রেডিওথেরাপি -র একই সময়ে (এটাকে বলে কেমোরেডিয়েশন) | এই কড়া চিকিৎসা ব্যবহার করা যেতে পারে যদি অপারেশন করা সম্ভব না হয়, বা যদি ক্যান্সার ফুসফুসের বাইরে ছড়িয়ে পড়ে থাকে |
| টার্গেটেড বা ইমিউনোথেরাপির ঔষধগুলোর পাশাপাশি | ক্যান্সারের আয়তন ছোট বা নিয়ন্ত্রণে সাহায্য করতে |
| একা একা, অগ্রগতি হওয়া ক্যান্সারের নিয়ন্ত্রণ করতে (একে লাঘবকারী চিকিৎসা বলে) | অগ্রগতি হওয়া ক্যান্সার নিয়ন্ত্রণে আনতে এবং উপসর্গগুলি কমাতে সাহায্য করতে |

কেমোথেরাপি সাধারণত চিকিৎসার বেশ কয়েকটি সত্রে প্রদান করা হয়, এবং চিকিৎসাগুলির মাঝে বিশ্রামের সময় দেওয়া হয়। এই চিকিৎসা সাধারণত শিরায় কোন ড্রিপ বা ইনজেকশনের মাধ্যমে দেওয়া হয়। আপনার ডাক্তার আপনাকে জানাবে আপনার কতগুলি চিকিৎসার সত্রের প্রয়োজন হবে এবং তা কত সময় নেবে। আপনার কেমোথেরাপি-র কোর্স শেষ হতে বেশ কয়েক মাস লাগতে পারে।

নন-স্মল সেল লাং ক্যান্সারে আক্রান্ত কিছু মানুষ কেমোথেরাপি চালিয়ে যান যদি এটি ভালভাবে কাজ করে। একে কখনো কখনো রক্ষণাবেক্ষণকারী চিকিৎসা বলা হয়।

### কেমোথেরাপির পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

কেমোথেরাপির ওষুধগুলোর কারণে পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে যা আপনাকে অসুস্থ বোধ করাতে পারে। আপনি যদি রেডিওথেরাপির সাথে কেমোথেরাপি নিয়ে থাকেন, তবে পার্শ্বপ্রতিক্রিয়াগুলো আরো খারাপ হতে পারে।

আপনার হতে পারে এমন পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে এবং আপনি কিভাবে তা নিয়ন্ত্রণ করতে পারেন সেই বিষয়ে আপনার চিকিৎসক আপনার সাথে কথা বলতে পারেন। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়া অন্য ওষুধগুলির দ্বারা নিয়ন্ত্রণ করা যেতে পারে আর তার বেশির ভাগ আপনার কেমোথেরাপি শেষ হলে চলে যাবে।

কেমোথেরাপি এবং আপনার হতে পারে এমন কিছু পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে আপনার বাংলায় আমাদের কাছে আরো তথ্য আছে। **macmillan.org.uk/translations**-এ যান।

# রেডিওথেরাপি

রেডিওথেরাপি - এক্স-রে-র মত উচ্চ-শক্তির রশ্মি ব্যবহার করে ক্যান্সার কোষগুলিকে ধ্বংস করে। এটা বিভিন্ন কারণে দেওয়া হতে পারে।

| কখন? | কেন? |
|---|---|
| এককভাবে প্রধান চিকিৎসা হিসাবে | প্রাথমিক পর্যায়ের ফুসফুসের ক্যান্সার সারানোর জন্য |
| কোনো অপারেশনের পরে | কোনো থেকে যাওয়া ক্যান্সার কোষ নষ্ট করতে |
| কেমোথেরাপি -র সাথে একই সময়ে (এটাকে বলে কেমোরেডিয়েশন) | এই কড়া চিকিৎসা ব্যবহার করা যেতে পারে যদি অপারেশন করা সম্ভব না হয়, বা যদি ক্যান্সার ফুসফুসের বাইরে ছড়িয়ে পড়ে থাকে |
| কেমোথেরাপি-র আগে বা পরে | ক্যান্সারের আয়তন ছোট বা নিয়ন্ত্রণ করতে |
| একা একা, উপসর্গগুলি নিয়ন্ত্রণ করতে (একে লাঘবকারী চিকিৎসা বলে) | শ্বাসকষ্ট বা ব্যথার মত ক্যান্সার সৃষ্ট উপসর্গগুলি নিয়ন্ত্রণ করতে |

স্মল সেল লাং ক্যান্সার থাকা কিছু ব্যক্তির মস্তিষ্কের রেডিওথেরাপি করা হয়। এটা দেওয়া হয় মস্তিষ্কে যদি কোন ক্যান্সার কোষ ছড়িয়ে গিয়ে থাকে তা যাতে এক নতুন টিউমার না তৈরি করে তা প্রতিরোধ করতে। যদি আপনার এই চিকিৎসার প্রয়োজন হয়, আপনার ডাক্তার বা নার্স তা আপনাকে ব্যাখ্যা করবে।

রেডিওথেরাপি নেওয়ার বিভিন্ন উপায় আছে। এটা প্রায়শ শরীরের বাইরে থেকে একটি মেশিনের মাধ্যমে দেওয়া হয় (বাহ্যিক রেডিওথেরাপি):




আপনার ক্যান্সারের ডাক্তার আপনি যে ধরণের রেডিওথেরাপি গ্রহণ করবেন তার বিষয়ে আরো কিছু জানাবেন।

অনেক ব্যক্তি বহির্বিভাগের রোগী হিসাবে রেডিওথেরাপি গ্রহণ করেন। এর অর্থ হল যে আপনি চিকিৎসার জন্য হাসপাতালে আসেন এবং সেই একই দিনে আবার বাসায় ফিরে যান।

আপনার চিকিৎসার পরিকল্পনা নির্ভর করে আপনি কি ধরণের ফুসফুসের ক্যান্সারে ভুগছেন তার উপর, ক্যান্সারের পর্যায়ের উপর এবং আপনার সাধারণ স্বাস্থ্যের উপর। আপনার ক্যান্সারের ডাক্তার আপনাকে বলবেন যে আপনার রেডিওথেরাপি চিকিৎসায় কী অন্তর্ভুক্ত হবে।

রেডিওথেরাপি সম্পর্কে আপনার ভাষা বাংলায় আমাদের কাছে আরো তথ্য আছে। **macmillan.org.uk/translations** -তে যান

## টার্গেটেড থেরাপি আর ইমিউনোথেরাপির ওষুধগুলি

এই ওষুধগুলি সেই নন-স্মল সেল লাং ক্যান্সারের চিকিৎসার জন্য ব্যবহৃত হতে পারে যা ছড়িয়ে পড়েছে। এগুলি ক্যান্সারটি আকার কমিয়ে দিতে পারে এবং তা কম তাড়াতাড়ি বৃদ্ধি পাওয়াতে পারে। আপনি শুধু এই ওষুধগুলো আলাদাভাবে নিতে পারেন অথবা কেমোথেরাপির সাথে নিতে পারেন।

টার্গেটেড থেরাপির ওষুধ ক্যান্সার কোষগুলি বৃদ্ধি পাওয়া এবং সংখ্যায় বাড়া আটকাতে পারে। আপনি এগুলি ট্যাবলেট বা ক্যাপস্যুল হিসাবে গ্রহণ করতে পারেন। এগুলি আপনার জন্য কাজ করবে কি না তার জন্য আপনাকে পরীক্ষা করার প্রয়োজন হতে পারে। যদি কোনো ওষুধ আপনার জন্য ভাল কাজ করে থাকে, তবে এটি আপনার প্রথম চিকিৎসা হিসেবে দেওয়া হতে পারে।

ইমিউনোথেরাপির ওষুধগুলি আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থাকে ক্যান্সার কোষগুলি চিহ্নিত করতে সাহায্য করে। ওষুধগুলি ড্রিপের মাধ্যমে কোন শিরায় দেওয়া হয়। কখনো কখনো ইমিউনোথেরাপির ওষুধগুলো অন্য আরেকটি টার্গেটেড বা ইমিউনোথেরাপি ওষুধের সাথে দেওয়া হয়।

## অন্যান্য চিকিৎসা

ফুসফুসের ক্যান্সারের চিকিৎসা করতে বা উপসর্গগুলি নিয়ন্ত্রণ করতে অন্য চিকিৎসাগুলিও ব্যবহার করা যেতে পারে।

রেডিওফ্রিকোয়েন্সি অ্যাবলেশন (আরএফএ - RFA) তাপ ব্যবহার করে ক্যান্সার কোষগুলি ধ্বংস করে। ডাক্তার টিউমারটিতে একটি সূচ ঢোকান এবং এর মধ্যে দিয়ে বৈদ্যুতিক কারেন্ট পাঠিয়ে ক্যান্সার কোষগুলি ধ্বংস করেন।

ফটোডায়নামিক থেরাপি (পিডিটি - PDT) আলো ব্যবহার করে ক্যান্সার কোষগুলিকে ধ্বংস করে। প্রথমে, আপনাকে একটি ওষুধ দেওয়া হয় যা আলোর প্রতি সংবেদনশীল। তারপর, আপনি কয়েক ঘন্টা অপেক্ষা করেন ক্যান্সার কোষগুলি দ্বারা ওষুধটি শুষে নেওয়ার জন্য। কয়েক ঘন্টা পরে, ডাক্তার আপনার শ্বাসনালী দিয়ে একটি টিউব ঢোকান (পৃষ্ঠা 2 দেখুন) এবং আপনার ফুসফুসে টিউমারটির উপর আলো ফেলেন। আলোটি ওষুধটিকে সক্রিয় করতে সাহায্য করে, যা ক্যান্সার কোষগুলি ধ্বংস করতে সহায়ক হয়।

## উপসর্গ নিয়ন্ত্রণ করা

যদি আপনার ক্যান্সার অগ্রগতি প্রাপ্ত হয়ে থাকে, আপনার হওয়া উপসর্গগুলি নিয়ন্ত্রণ করার অনেকগুলি উপায় আছে। উপসর্গগুলির বিষয়ে সাহায্য করতে আপনার ডাক্তার আপনাকে বিভিন্ন ওষুধ দিতে পারেন। উপসর্গগুলিতে যদি উন্নতি না হয় তাহলে সব সময়ে আপনার ডাক্তারকে তা জানান।

**বায়ুপথ আটকে যাওয়া**

কখনো কখনো, ফুসফুসের ক্যান্সার ফুসফুসের বায়ুপথগুলির একটি বা তার বেশি বন্ধ করে দিতে পারে। এর কারণে শ্বাসকষ্ট হতে পারে। কোন বন্ধ হয়ে যাওয়া বায়ুপথ খুলতে বিভিন্ন চিকিৎসা ব্যবহার করা যেতে পারে:

- কিছু চিকিৎসা খুব ঠাণ্ডা তাপমাত্রা ব্যবহার করে ক্যান্সার কোষগুলি ঠাণ্ডায় জমিয়ে দিতে বা ধ্বংস করতে পারে।
- কিছু চিকিৎসা বৈদ্যুতিক কারেন্ট ব্যবহার করে ক্যান্সার কোষগুলি ধ্বংস করতে পারে।
- রেডিওথেরাপি শরীরের ভিতর থেকেও ক্যান্সারে দেওয়া যেতে পারে।
- বায়ুপথে স্টেন্ট নামে একটি ছোট টিউব লাগানো থাকে তা খুলে রাখার জন্য।

**তরল জমে যাওয়া**

যদি ফুসফুসে তরল জমে যায়, আপনার সাধারণত একটি সূচ এবং ড্রেইনেজ টিউব ব্যবহার করে তা বের করে দিতে পারেন। বা আপনার জন্য এমন কোন প্রণালী ব্যবহার করা হতে পারে যাতে ফুসফুসে তরল জমা বন্ধ হয়ে যায়।

## চিকিৎসার পরে

আপনার চিকিৎসা শেষ হওয়ার পর, আপনার নিয়মিত চেক-আপ ও পরীক্ষা করা হবে। এটা বেশ কয়েক বছর চলতে পারে। প্রথমে তা বেশ নিয়মিত হবে, কিন্তু সময়ের সাথে সাথে আপনার তা কম ঘনঘন হবে।

## আপনার অনুভূতি

আপনার ক্যান্সার আছে এটা শোনার পর আপনার বিধ্বস্ত লাগতে পারে। আপনার বিভিন্ন রকম আবেগ অনুভূত হতে পারে। কিছু কিছু ব্যক্তি বিপর্যস্ত, মর্মাহত বা উদ্বিগ্ন বোধ করতে পারেন, আর অন্যরা রাগ করতে পারেন, বা দোষী, একলা বোধ করতে পারেন। অনুভূতি হওয়ার কোনো ঠিক বা ভুল নেই। কিন্তু আপনার অনুভূতির সঙ্গে মানিয়ে চলার জন্য অনেক রকম উপায় রয়েছে।

খুব কাছের বন্ধু বা আত্মীয়ের সাথে কথা বলাটা সহায়ক হতে পারে। মনে রাখবেন, আপনি চাইলে সাহায্য সব সময়ে পাওয়া যায়। যদি আপনার মানিয়ে নিতে খুব অসুবিধা হয়, তাহলে আপনার ডাক্তার বা নার্সের সাথে কথা বলুন। কিছু কিছু ব্যক্তি কাউন্সেলিং থেকে খুব লাভবান হন। আপনার ডাক্তার বা নার্স আপনাকে রেফার করতে পারেন।

## ম্যাকমিলান (Macmillan) কিভাবে আপনাকে সাহায্য করতে পারে

আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করতে Macmillan এখানে আছে। আপনি যেখান থেকে সহায়তা পেতে পারেন:

- **Macmillan সাপোর্ট লাইন (0808 808 00 00)**। আমাদের দোভাষী আছে, তাই আপনি আমাদের সাথে আপনার ভাষায় কথা বলতে পারেন। আপনি যে ভাষাটি ব্যবহার করতে চান, শুধু তার নাম ইংরেজিতে আমাদেরকে বলুন। আমরা চিকিৎসা সম্পর্কিত প্রশ্নগুলোর উত্তর দিতে পারি, আপনাকে আর্থিক সহায়তার বিষয়ে তথ্য দিতে পারি, বা আপনার অনুভূতিগুলোর বিষয়ে আপনার সাথে কথা বলতে পারি। সপ্তাহে 7 দিন, সকাল 8 থেকে সন্ধ্যা 8টা পর্যন্ত ফোন লাইন খোলা থাকে।

- **Macmillan ওয়েবসাইট (macmillan.org.uk)**। ক্যান্সার এবং ক্যান্সার নিয়ে বেঁচে থাকার বিষয়ে আমাদের সাইটে ইংরেজিতে অনেক তথ্য আছে। www.macmillan.org.uk/translations **ওয়েবসাইটে অন্যান্য ভাষায় আরো তথ্য আছে**

- **তথ্য ও সহায়তা পরিষেবা**। তথ্য ও সহায়তা কেন্দ্রে, আপনি একজন ক্যান্সার সহায়তা বিশেষজ্ঞের সাথে কথা বলতে পারেন এবং লিখিত তথ্য পেতে পারেন। **macmillan.org.uk/informationcentres** ওয়েবসাইটে আপনার সবচেয়ে নিকটস্থ কেন্দ্র খুঁজে বের করুন বা আমাদের কল করুন। আপনার হাসপাতালে একটি কেন্দ্র থাকতে পারে।

- **লোকাল সাপোর্ট গ্রুপ** - সাপোর্ট গ্রুপে আপনি ক্যান্সারে আক্রান্ত অন্যান্য লোকজনের সাথে কথা বলতে পারেন। **macmillan.org.uk/supportgroups ওয়েবসাইটে আপনার কাছাকাছি একটি গ্রুপ খুঁজে নিন** বা আমাদেরকে কল করুন।

- **Macmillan অনলাইন কমিউনিটি** – আপনি একই ধরনের পরিস্থিতিতে থাকা ব্যক্তিদের সাথে **macmillan.org.uk/community-এ কথা বলতে পারেন**

## শব্দ তালিকা

| **শব্দ** | **ইংরেজিতে** | **ইংরেজিতে কিভাবে বলতে হয়** | **অর্থ** |
|---|---|---|---|
| ইমিউনোথেরাপি | Immunotherapy | ইমিউনোথেরাপি | একটি ক্যান্সার চিকিৎসা যা রোগ-প্রতিরোধ ব্যবস্থাকে সাহায্য করার জন্য কাজ করে যাতে তারা ক্যান্সার কোষগুলো চিহ্নিত এবং ধ্বংস করতে পারে। |
| কেমোথেরাপি | Chemotherapy | কেমোথেরাপি | একটি ক্যান্সার চিকিৎসা যা ক্যান্সার কোষগুলো ধ্বংস করার জন্য ওষুধ ব্যবহার করে। |

| | | | |
|---|---|---|---|
| কোষ | Cells | সেলস | ছোট ছোট গাঠনিক একক যা আমাদের শরীরের অঙ্গ এবং টিস্যুগুলো তৈরি করে। |
| ক্যান্সার কোষগুলি | Cancer cells | ক্যান্সার  সেলস | শরীরের কোষ যা অস্বাভাবিক হয়ে গেছে এবং এখন ক্যান্সারে পরিণত হয়েছে। |
| টার্গেটেড থেরাপি | Targeted therapy | টার্গেটেড থেরাপি | একটি ক্যান্সার চিকিৎসা যা ক্যান্সার কোষগুলো লক্ষ্য এবং ধ্বংস করার জন্য ওষুধ ব্যবহার করে। |
| টিউমার | Tumour | টিউমার | ক্যান্সার কোষগুলির  একটি গোষ্ঠী যা একটি পিণ্ড তৈরি করেছে। |
| পর্যায় | Stage | স্টেইজ | ক্যান্সারের পর্যায় বলতে বোঝায় এটি কতটা বড় এবং এটি ছড়িয়ে পড়েছে কিনা। |
| পর্যায় নির্ণয়ের ব্যবস্থা | Staging system | স্টেইজিং সিস্টেম | কয়েকটি নিয়ম যা ডাক্তারদের সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে ক্যান্সার কোন পর্যায়ে রয়েছে। |
| পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ | Side effects | সাইড  এফেক্টস | ক্যান্সারের চিকিৎসার অযাচিত প্রভাবগুলো। উদাহরণস্বরূপ, চুল পড়ে যাওয়া, অসুস্থ বোধ করা বা ক্লান্তি। |
| ফটোডায়নামিক থেরাপি (পিডিটি - PDT) | Photodynamic therapy (PDT) | ফটোডায়নামিক থেরাপি (পিডিটি ) | একটি ক্যান্সার চিকিৎসা যা দিয়ে ক্যান্সার কোষগুলো ধ্বংস করার জন্য আলো ব্যবহার করে। |
| বায়ুপথ | Airway | এয়ারওয়ে | শরীরের কোন পথ বা টিউব যার মাধ্যমে বায়ু ফুসফুসে পৌঁছতে পারে। |
| রেডিওথেরাপি | Radiotherapy | রেডিওথেরাপি | একটি ক্যান্সার চিকিৎসা যা ক্যান্সার কোষগুলো ধ্বংস করার জন্য এক্স-রে-র মত উচ্চ-শক্তির রশ্মি ব্যবহার করে |
| রেডিওফ্রিকোয়েন্সি অ্যাবলেশন (আরএফএ - RFA) | Radiofrequency ablation (RFA) | রেডিওফ্রিকোয়েন্সি অ্যাবলেশন (আরএফএ ) | একটি ক্যান্সার চিকিৎসা যা ক্যান্সার কোষগুলো ধ্বংস করার জন্য উত্তাপ ব্যবহার করে। |
| রোগ-প্রতিরোধ ব্যবস্থা | Immune system | ইমিউন  সিস্টেম | আপনার রোগ-প্রতিরোধ ব্যবস্থা আপনাকে ক্ষতিকারক ব্যাকটেরিয়া এবং সংক্রমণের থেকে সুরক্ষিত রাখতে আপনার শরীরের উপায়। |
| লসিকা তন্ত্র | Lymphatic system | লিম্পেটিক  সিস্টেম | সারা শরীরে টিউব এবং গ্লান্ডের একটি নেটওয়ার্ক। এগুলি সংক্রমণের সাথে লড়াই করতে সাহায্য করে। এছাড়া এগুলি টিস্যু এবং অঙ্গপ্রত্যঙ্গ থেকে অতিরিক্ত তরল নিঃসারিত করে। |

| | | | |
|---|---|---|---|
| লাঘবকারী চিকিৎসা | Palliative treatment | প্যালেটিভ ট্রিটমেন্ট | চিকিৎসা যা এমন ব্যক্তিকে দেওয়া হয় যার ক্যান্সার সারানো যাবে না। এতে অন্তর্ভুক্ত হতে পারে ক্যান্সারটি ছোট করার চিকিৎসা বা উপসর্গগুলি কমিয়ে ব্যক্তিটিকে আরো আরাম দেওয়া। |
| সম্মতি | Consent | কনসেন্ট | কোন কিছু ঘটার জন্য অনুমতি দেওয়া বা কিছু করতে সম্মত হওয়া। |
| সার্জারি | Surgery | সার্জারি | ক্যান্সারের চিকিৎসা যার অর্থ অপারেশন করা। |
| স্বাস্থ্যসেবা টিম। | Healthcare team | হেলথকেয়ার টিম | মেডিকাল বিশেষজ্ঞ এবং অন্য পেশাজীবীদের যে টিম আপনার দেখাশুনা করে। |

## আপনার ভাষায় আরো তথ্য

এই বিষয়গুলো সম্বন্ধে আমাদের কাছে আপনার বাংলা ভাষায় তথ্য আছে:

| **ক্যান্সারের ধরন** | **ক্যান্সারের মোকাবিলা করা** |
|---|---|
| • স্তন ক্যান্সার<br>• বৃহদান্ত্রের ক্যান্সার<br>• ফুসফুসের ক্যান্সার<br>• প্রোস্টেট ক্যান্সার<br><br>**চিকিৎসাসমূহ**<br><br>• কেমোথেরাপি<br>• রেডিওথেরাপি<br>• সার্জারি | • যদি আপনার ক্যান্সার নির্ণয় হয়ে থাকে - একটি চটজলদি নির্দেশিকা<br>• খাবার সমস্যা এবং ক্যান্সার<br>• জীবনের অবসান<br>• আর্থিক সহায়তা - বেনিফিটসমূহ<br>• আর্থিক সহায়তা - খরচ মেটানোর জন্য সাহায্য<br>• স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস<br>• ক্লান্তি (অবসন্নতা) এবং ক্যান্সার<br>• ক্যান্সার চিকিৎসার পার্শ্বপ্রতিক্রিয়াগুলো<br>• নিজেকে সাহায্য করার জন্য আপনি কী করতে পারেন |

এই তথ্য দেখতে, **macmillan.org.uk/translations**-এ যান

## সূত্র ও ধন্যবাদ জ্ঞাপন

এই সকল তথ্য রচনা ও সম্পাদনা করেছে ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট (Macmillan Cancer Support)-এর ক্যান্সার তথ্য উন্নয়ন দল। একটি অনুবাদ কোম্পানি এটি বাংলায় অনুবাদ করেছে।

ম্যাকমিলান (Macmillan)-এর ফুসফুসের ক্যান্সারের বিষয়ে বোঝা নামক পুস্তিকার ভিত্তিতে এই তথ্য তৈরি করা হয়েছে। আমরা আপনাকে একটি কপি পাঠাতে পারি, কিন্তু সম্পূর্ণ পুস্তিকাটি শুধু ইংরেজিতে পাওয়া যায়।

এই তথ্য প্রাসঙ্গিক বিশেষজ্ঞেরা পর্যালোচনা করেছেন, এবং আমাদের সিনিয়র মেডিক্যাল সম্পাদক, ডক্টর ডেভিড গিলিগান, কনসালটেন্ট অঙ্কোলোজিস্ট তা অনুমোদন করেছেন। সেই সব ক্যান্সার আক্রান্ত ব্যক্তিদেরও ধন্যবাদ জানাচ্ছি যারা এই তথ্য পর্যালোচনা করেছেন।

আমাদের সকল তথ্য প্রাপ্ত সেরা প্রমাণের ভিত্তিতে নেওয়া হয়েছে। আমাদের ব্যবহার করা উৎসগুলোর বিষয়ে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে **cancerinformationteam@macmillan.org.uk** ঠিকানায় আমাদের সাথে যোগাযোগ করুন।

MAC15137_Bengali

সূচিপত্র পর্যালোচনা করা হয়: 2020

পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সচী: 2023

আমরা সব সময় সঠিক তথ্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য সব রকমভাবে চেষ্টা করে থাকি কিন্তু প্রতিনিয়ত পরিবর্তনশীল মেডিকেল গবেষণার কারণে বর্তমান অবস্থার প্রতিফলনের জন্য এর উপর নির্ভর করা উচিত হবে না। আপনি আপনার স্বাস্থ্য নিয়ে উদ্বিগ্ন থাকলে, আপনার ডাক্তারের সাথে আলোচনা করুন। এই তথ্যে বা তৃতীয় পক্ষের কোনো তথ্যে, যেমন আমাদের লিংক করা ওয়েবসাইটের তথ্যে, কোনো ভুল থাকার কারণে সৃষ্ট কোনো ক্ষতি বা হানির জন্য Macmillan কোনো দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

© Macmillan Cancer Support 2020. ইংল্যান্ড ও ওয়েলস (261017),

স্কটল্যান্ড (SC039907) এবং আইল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। রেজিস্টার্ড অফিস: 89 Albert Embankment,
London SE1 7UQ

Trusted Information Creator

Patient Information Forum

MACMILLAN CANCER SUPPORT

Lung cancer: Bengali

# Lung cancer

This information is about lung cancer and treatments for lung cancer.

This information is about **cancer that starts in the lung** (primary lung cancer). It is not about cancer that starts somewhere else in the body and spreads to the lungs (secondary lung cancer).

Any words that are underlined are explained in the word list at the end. The word list also includes how to say the words in English.

If you have any questions about this information, ask your doctor or nurse at the hospital where you are having treatment.

You can also call Macmillan Cancer Support on freephone **0808 808 00 00**, 7 days a week, 8am to 8pm. We have interpreters, so you can speak to us in your own language. When you call us, please tell us in English which language you need (say "Bengali").

There is more cancer information in other languages at **macmillan.org.uk/translations**


## This information is about:


- The lungs
- Lung cancer
- How treatment is planned
- Talking to your healthcare team
- Treatments for lung cancer
- Surgery
- Chemotherapy
- Radiotherapy
- Targeted therapy and immunotherapy drugs
- Other treatments
- Controlling symptoms
- After treatment
- Your feelings
- How Macmillan can help you
- Word list
- More information in your language
- References and thanks

## The lungs

We have two lungs in our chest that help us to breathe.

When we breathe in, air passes from our nose or mouth through the windpipe (trachea). This divides into two tubes, one going to each lung. These are called the right bronchus and left bronchus. They divide into smaller tubes called bronchioles. At the end of the bronchioles are millions of tiny air sacs called alveoli. This is where oxygen from the air we breathe goes into the blood.



## Lung cancer

All parts of the body are made up of tiny cells. Lung cancer happens when cells in the lung grow in an uncontrolled way and form a lump called a tumour.

There are two main types of lung cancer:

- **non-small cell lung cancer –** this is the most common lung cancer and there are 3 main types: adenocarcinoma, squamous cell carcinoma, and large cell lung cancer.
- **small cell lung cancer** – about 1 in 7 (15%) of lung cancers are small cell lung cancers.

Most lung cancers are caused by smoking cigarettes. But about 1 in 10 people who get lung cancer (10%) have never smoked.

If you smoke, your doctor will usually advise you to stop smoking. This can help make your treatment work better and reduce side effects. It also helps your long-term health. Your doctor or hospital can offer treatments to help you to stop smoking.

Lung cancer is not infectious. This means it cannot be passed on to other people.

### Stages of lung cancer

Your doctor will do tests to find out what stage the lung cancer is. The stage of a cancer tells you how big it is and whether it has spread. Sometimes, cancer cells can spread to other parts of the body through the blood or lymphatic system.

Knowing the stage of the cancer helps your doctors to plan the best treatment for you.

Lung cancer is divided into four stages:

- **Stage 1 –** The cancer is small and only in the lung.
- **Stage 2 or 3 –** The cancer in the lung is bigger. It has usually spread into areas around the lung.
- **Stage 4 –** The cancer has spread further, for example, to the other lung or to other parts of the body.

If you have small cell lung cancer, your doctors might use a different staging system. This divides lung cancer into two stages – limited disease and extensive disease. Your doctor will explain this system to you if they are using it.

## How treatment is planned

Your healthcare team will plan the treatment they think is best for you.
Your doctor or nurse will talk to you about the treatment plan. Your treatment plan will depend on several things, such as:

- the type of lung cancer you have
- the stage of the cancer

- the benefits and risks of different treatments
- your general health
- your personal preferences.

## Talking to your healthcare team

It is important to talk about the treatment plan with your cancer doctor or nurse, so that you understand what it means. You may also want to talk to a relative or friend about it.

After talking with you, your doctor will ask you to sign a form to show that you understand and agree to the treatment. This is called giving your consent. You will not be given treatment unless you have agreed to it.

It is a good idea to take someone with you who can speak both your language and English. Your hospital can arrange an interpreter for you. Tell your nurse if you need one.

### Questions to ask about your treatment

Here are some questions you could ask your healthcare team, to make sure you understand the treatment and how it may affect you:

- What is the aim of my treatment?
- Which treatments are available?
- What are the benefits, risks and side effects of each treatment?
- How will the treatment affect my daily life?
- Who can I talk to about how I am feeling?

## Treatments for lung cancer

Treatments for lung cancer include:




- an operation (surgery)
- cancer drugs (chemotherapy or targeted therapy)
- radiotherapy.

You may have more than one type of treatment. The treatment will also depend on the type of lung cancer you have and the stage of the cancer.

### Surgery

For some people, it may be possible to remove the cancer with an operation.
This depends on the type and stage of the cancer, and your general health. Surgery is rarely used to treat small cell lung cancer. Other treatments are used instead.

Before surgery, you will have tests to check how well your lungs are working.
The three main operations to remove lung cancer are shown below.

| **Removing a section of the lung (lobectomy)** | **Removing a whole lung (pneumonectomy)** | **Removing a small part of a lung (wedge resection)** |
|---|---|---|
|  |  |  |

Sometimes 2 lobes of the lung are removed. The surgeon may do this operation if the cancer has spread to two lobes next to each other. The operation is sometimes called a bilobectomy.

We have more information in your language about how surgery is planned and what to expect after the operation. Visit **macmillan.org.uk/translations**

## Chemotherapy

Chemotherapy uses drugs to destroy cancer cells.

Chemotherapy can be used at different times for different reasons.

| **When?** | **Why?** |
|---|---|
| Before surgery or radiotherapy | To shrink the cancer |
| After surgery or radiotherapy | To destroy any cancer cells left behind |
| At the same time as radiotherapy (this is called chemoradiation) | This strong treatment can be used if an operation is not possible, or if the cancer has spread outside the lung |
| Along with targeted or immunotherapy drugs | To help shrink and control the cancer |
| On its own, to control advanced cancer (this is called palliative treatment) | To control cancer that is advanced and help reduce symptoms |

Chemotherapy is usually given as several sessions of treatment, with rest periods in between the treatments. The treatment is usually given into a vein by a drip or injection. Your doctor will tell you how many treatment sessions you will need and how long it will take. It may take several months to complete your course of chemotherapy.

Some people with non-small cell lung cancer continue with chemotherapy if it is working well. This is sometimes called maintenance treatment.

**Side effects of chemotherapy**

Chemotherapy drugs can cause side effects that make you feel unwell. If you have chemotherapy with radiotherapy the side effects can be worse.

Your doctor can talk to you about the side effects you may have, and how to manage them. Most side effects can be controlled with other medicines and most will go away after your chemotherapy ends.

We have more information in your language about chemotherapy and some of the side effects you may have. Visit **macmillan.org.uk/translations**

## Radiotherapy

Radiotherapy uses high-energy rays, such as x-rays, to destroy cancer cells.
It can be given for different reasons.

| When? | Why? |
|---|---|
| On its own as the main treatment | To try to cure an early stage lung cancer |
| After an operation | To destroy any cancer cells left behind |
| At the same time as chemotherapy (this is called chemoradiation) | This strong treatment can be used if an operation is not possible, or if the cancer has spread outside the lung |
| Before or after chemotherapy | To shrink or control the cancer |
| On its own, to control symptoms (this is called palliative treatment) | To control symptoms caused by the cancer like breathlessness or pain |

Some people with small cell lung cancer have radiotherapy to the brain. This is given to prevent any cancer cells that may have spread to the brain from growing into a new tumour. If you need this treatment, your doctor or nurse will explain it to you.

There are different ways of having radiotherapy. It is often given from outside the body by a machine (external radiotherapy):



Your cancer doctor will tell you more about the type of radiotherapy you are having.

Many people have radiotherapy as an outpatient. This means you come to hospital for treatment and then go home again that day.

Your treatment plan depends on the type of lung cancer you have, the stage of the cancer and your general health. Your cancer doctor will tell you what your radiotherapy treatment will involve.

We have more information in your language about radiotherapy. Visit
**macmillan.org.uk/translations**

## Targeted therapy and immunotherapy drugs

These drugs may be used to treat non-small cell lung cancer that has spread. They may help to shrink the cancer and make it grow less quickly. You may have these drugs on their own or with chemotherapy.

Targeted therapy drugs can stop the cancer cells from growing and multiplying. You take them as tablets or capsules. You may need tests to find out if they are likely to work for you. If a drug is likely to work well for you, it may be given as your first treatment.

Immunotherapy drugs help your immune system to recognise and destroy cancer cells. The drugs are given into a vein through a drip.  Sometimes immunotherapy drugs are given with another targeted or immunotherapy drug.

## Other treatments

Other treatments can also be used to treat lung cancer or to control symptoms.

Radiofrequency ablation (RFA) uses heat to destroy cancer cells. The doctor places a needle into the tumour and passes an electrical current through it to destroy the cancer cells.

Photodynamic therapy (PDT) uses light to destroy cancer cells. First, you are given a special drug that is sensitive to light. Then, you wait a few hours to allow the drug to be absorbed by the cancer cells. After a few hours, the doctor passes a tube down your windpipe (see page 2) and shines a light onto the tumour in your lung. The light helps to make the drug active, which helps destroy the cancer cells.

## Controlling symptoms

If the cancer is advanced, there are lots of ways to control any symptoms you may have. Your doctor can give you different drugs or medicines to help with symptoms. Always tell your doctor if symptoms do not improve.

**Blocked airway**

Sometimes, lung cancer can block or narrow one or more airways in the lungs. This can cause breathlessness. Different treatments can be used to help a blocked airway:

- Some treatments use very cold temperatures to freeze and destroy cancer cells.
- Some treatments use an electrical current to destroy cancer cells.
- Radiotherapy can also be given to the cancer from inside the body.
- A small tube called a stent can be put into the airway to keep it open.

**A build-up of fluid**

If fluid collects in the lung, your doctor can usually remove it using a needle and drainage tube. Or you may be able to have a procedure that helps to stop fluid collecting around the lungs.

## After treatment

After your treatment has finished, you will have regular check-ups and tests. These may continue for several years. At first they will be quite regular, but over time you will have them less often.

## Your feelings

You may feel overwhelmed when you are told you have cancer. You may have many different emotions. Some people feel upset, shocked or anxious, while others feel angry, guilty or alone. There is no right or wrong way to feel. But there are many ways to cope with your emotions.

Talking to a close friend or relative may help. Remember, help is always available if you need it. If you are struggling to cope, speak to your doctor or nurse. Some people find counselling very helpful. Your doctor or nurse can refer you.

## How Macmillan can help you

Macmillan is here to help you and your family. You can get support from:

- **The Macmillan Support Line (0808 808 00 00)**. We have interpreters, so you can speak to us in your language. Just tell us, in English, the language you want to use. We can answer medical questions, give you information about financial support, or talk to you about your feelings. The phone line is open 7 days a week, 8am to 8pm.

- **The Macmillan website (macmillan.org.uk)**. Our site has lots of English information about cancer and living with cancer. There is more information in other languages at **macmillan.org.uk/translations**

- **Information and support services**. At an information and support service, you can talk to a cancer support specialist and get written information. Find your nearest centre at **macmillan.org.uk/informationcentres** or call us. Your hospital might have a centre.

- **Local support groups** – At a support group you can talk to other people affected by cancer. Find a group near you at **macmillan.org.uk/supportgroups** or call us.

- **Macmillan Online Community** – You can also talk to other people affected by cancer online at **macmillan.org.uk/community**

## Word list

| Word | In English | How to say in English | Meaning |
|---|---|---|---|
| | Airway | | A passage or tube in the body that air can move through to reach the lungs. |
| | Cancer cells | | Cells in the body that have become abnormal and are now cancer. |
| | Cells | | The tiny building blocks that make up the organs and tissues of our body. |
| | Chemotherapy | | A cancer treatment that uses drugs to destroy cancer cells. |
| | Consent | | Giving permission for something to happen or agreeing to do something. |
| | Healthcare team | | The team of medical experts and other professionals that look after you. |
| | Immune system | | Your immune system is your body's way of protecting you from harmful bacteria and infections. |
| | Immunotherapy | | A cancer treatment that works by helping the immune system |

| | | | |
|---|---|---|---|
| | | | to recognise and destroy cancer cells. |
| | Lymphatic system | | A network of tubes and glands throughout the body. They help to fight infection. They also drain excess fluid out of tissues and organs. |
| | Palliative treatment | | Treatment given to someone with a cancer that can't be cured. This may include treatment to shrink the cancer, or treatment to reduce symptoms and make the person more comfortable. |
| | Photodynamic therapy (PDT) | | A cancer treatment that uses light to destroy cancer cells. |
| | Radiofrequency ablation (RFA) | | A cancer treatment that uses heat to destroy cancer cells. |
| | Radiotherapy | | A cancer treatment that uses high-energy rays, such as x-rays, to destroy cancer cells. |
| | Side effects | | Unwanted effects of cancer treatment. For example, hair loss, feeling sick or tiredness. |
| | Stage | | The stage of a cancer tells you how big it is and whether it has spread. |
| | Staging system | | A set of rules that helps doctors decide what stage a cancer is. |
| | Surgery | | A cancer treatment that means having an operation. |
| | Targeted therapy | | A cancer treatment that uses drugs that target and destroy cancer cells. |
| | Tumour | | A group of cancer cells that have formed a lump. |

## More information in your language

We have information in your language about these topics:

| Types of cancer | Coping with cancer |
|---|---|
| • Breast cancer<br>• Large bowel cancer<br>• Lung cancer<br>• Prostate cancer<br>**Treatments**<br>• Chemotherapy<br>• Radiotherapy<br>• Surgery | • If you're diagnosed with cancer – A quick guide<br>• Eating problems and cancer<br>• End of life<br>• Financial support – benefits<br>• Financial support – help with costs<br>• Healthy eating<br>• Tiredness (fatigue) and cancer<br>• Side effects of cancer treatment<br>• What you can do to help yourself |

To see this information, go to **macmillan.org.uk/translations**

## References and thanks

This information has been written and edited by Macmillan Cancer Support's Cancer Information Development team. It has been translated by a translation company.

The information is based on the Macmillan booklet Understanding lung cancer. We can send you a copy, but the full booklet is only available in English.

This information has been reviewed by relevant experts and approved by our Senior Medical Editor, Dr David Gilligan, Consultant Oncologist. Thanks also to the people affected by cancer who reviewed this information.

All our information is based on the best evidence available. For more information about the sources we use, please contact us at **cancerinformationteam@macmillan.org.uk**

MAC15137_Bengali

Content reviewed: 2020

Next planned review: 2023

We make every effort to ensure that the information we provide is accurate but it should not be relied upon to reflect the current state of medical research, which is constantly changing. If you are concerned about your health, you should consult your doctor. Macmillan cannot accept liability for any loss or damage resulting from any inaccuracy in this information or third-party information such as information on websites to which we link.

© Macmillan Cancer Support 2020. Registered charity in England and Wales (261017), Scotland (SC039907) and the Isle of Man (604). Registered office 89 Albert Embankment, London SE1 7UQ.

Trusted Information Creator

Patient Information Forum